

ইবির দুই কর্মকর্তাকে পিটিয়েছে ছাত্রলীগ

ইসলামাবাদ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামাবাদ বিশ্ববিদ্যালয় (ইবি) বঙ্গবন্ধু পরিষদের ২ কর্মকর্তাকে বেধড়ক পিটিয়েছে ছাত্রলীগ। বুধবার বেলা ১২টায় নিজ দফতরে কর্মরত অবস্থায় তাদের মারধর করা হয়। এ সময় প্রশাসন ভবনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। জানা যায়, বুধবার বেলা ১২টার দিকে ইবি ছাত্রলীগের সভাপতি জাহাঙ্গীর হোসাইন ও সাধারণ সম্পাদক শামসুজ্জামান তুহিনের নির্দেশে সহ-সভাপতি তৌফিকুর রহমান খিটসিয়ার ও মুন্স সাধারণ সম্পাদক মেলিন ও ক্যাশিয়ার নেতৃত্বে একটি গ্রুপ শাখা কর্মকর্তা সাইদুর রহমান তপনের ওপর হামলা করে। আহত অবস্থায় তাকে উদ্ধার করে ইবি মেডিকেল সেন্টারে নিয়ে যাওয়া হয়। পরে তারা হিমাব শাখার কর্মকর্তা হাসান আলীকে রাখা উঠিয়ে প্রশাসন ভবনের সামনে থেকে ধাওয়া করে। এ সময় তিনি প্রাণ বাঁচাতে বিশ্ববিদ্যালয়ের আকসিক এলাকায় আশ্রয় নেন।

জানা গেছে, আসন্ন পিডেকোটে প্রভাব বিস্তার করতে বঙ্গবন্ধু পরিষদের এই দুই কর্মকর্তার ওপর হামলা করা হয়েছে।

ইবি ছাত্রলীগ সভাপতি জাহাঙ্গীর হোসাইন বলেন, কর্মকর্তাদের ওপর হামলার বিষয়টি শুনেছি। হামলাকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এ বিষয়ে প্রক্টর ড. মেহের আলী বলেন, বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসন বিষয়টি অধগত রয়েছে, তারা এ বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

বিশ্ববিদ্যালয়ের ভিপি প্রফেসর ড. এম আদাউদ্দিন বলেন, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের ওপর হামলার ঘটনা দুঃখজনক। হামলাকারী যেই হোক তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।